

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
নতুন বিমান বন্দর সড়ক
তেজগাঁও, ঢাকা-১২১৫
তারিখ: ১১৩১২৪০
ফ্যাক্স: ৮৮-০২-৯১১৩৮৪৪
ই-মেইল: info@dgd.gov.bd

০৬.০৬.০০০০.২০২.৫৪.০০১.১৬

এপ্রিল ২০১৬

সরকারের ৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্থাকরণ সম্পর্কিত

বরাত :

ক। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.১৫০.১৬.০১৩.১৪.৯২ তারিখ ১০ মার্চ ২০১৬।

১। বরাত পত্রের প্রেক্ষিতে বিষয়োক্ত অগ্রগতি সংক্রান্ত অত্র সংস্থার তথ্যাদি নিম্নে প্রদত্ত হলঃ

ক। **ডিজিডিপি এর ক্রয় কার্যক্রম**। প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি) একটি আন্তঃবাহিনী প্রতিষ্ঠান যা মূলতঃ বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনী এবং ক্ষেত্র বিশেষে বিজিবি ও অন্যান্য আন্তঃবাহিনী সংস্থার ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করে থাকে। ডিজিডিপি তিন বাহিনীর সদর দপ্তর কর্তৃক চাহিদাকৃত বিবিধ সামগ্রী ও প্রতিরক্ষা দ্রব্যাদি দেশীয় ও বৈদেশিক মুদ্রায় জাতীয় ও আন্তর্জাতিক সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে কেন্দ্রীয়ভাবে ক্রয় করে। গত ২০০৮-২০০৯ অর্থ বৎসর থেকে ২০১৪-২০১৫ অর্থ বৎসর পর্যন্ত ৫,৫২১ টি চাহিদাপত্রের অনুকুলে ৬,৫০৬ টি চুক্তিপত্র সম্পাদিত হয়।

খ। **নন-ট্যাক্স রাজস্ব খাতে অর্থ জমাকরণ**। ডিজিডিপি কর্তৃক গত ০৭ (সাত) বছরে নন-ট্যাক্স রাজস্ব খাতে আহরণকৃত সর্বমোট ১০,২১,৫৬,০০০.০০ (দশ কোটি একুশ লক্ষ ছাপ্পান্ন হাজার মাত্র) টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা করা হয়।

গ। **ভৌত ও অবকাঠামোগত আধুনিকায়ন**।

(১) **নতুন অফিস ভবন নির্মাণ**। প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের ব্যাপ্তি ও কার্য পরিধি পূর্বের তুলনায় বহুগুণ বৃদ্ধি পাওয়ায় দাপ্তরিক কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে ৪র্থ তলা অফিস ভবনের ৫ম ও ৬ষ্ঠ তলার উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে।

(২) **বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংস্প্রসারণ/উন্নীতকরণ**। ডিজিডিপি'র সাংগঠনিক কাঠামোতে সর্বশেষ ২০১৩ সালে মহাপরিচালক এর পদমর্যাদা **ব্রিগেডিয়ার জেনারেল** হতে **মেজর জেনারেল** পদবীতে উন্নীত করা হয় এবং **উপ-মহাপরিচালক** হিসেবে একজন **ব্রিগেডিয়ার জেনারেল** এর পদ নতুন সৃষ্টি করা হয়েছে। এছাড়া প্রতিটি উইং (আর্মি উইং-১ ও ২, নেভী এবং এয়ার উইং) এর পরিচালকগণের পদমর্যাদা **কর্নেল/সমমান** হতে **ব্রিগেডিয়ার জেনারেল/সমমান** এবং প্রতিটি ক্রয় শাখার উপ-পরিচালক (ক্রয়) গণের পদবী **লেঃ কর্নেল/সমমান** হতে **কর্নেল/সমমানে** উন্নীত করা হয়েছে।

সীমিত

(৩) প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো বাস্তবায়ন প্রসঙ্গে। সময়ের বিবর্তনে সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন ও কর্ম পরিধি বৃদ্ধির ফলে দাপ্তরিক/ক্রয় কার্যক্রম পূর্বের তুলনায় বহুগুণ বৃদ্ধি পেয়েছে। দাপ্তরিক/ক্রয় কার্যক্রম গতিশীল রাখার লক্ষ্যে অত্র মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামো পুনরায় উন্নীতকরণের প্রস্তাবনা প্রক্রিয়াধীন রয়েছে, যা মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নীতিগত অনুমোদনের পর প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

ঘ। বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি।

ইলেক্ট্রনিক্স ডিফেন্স প্রকিউরমেন্ট (ই-ডিপি) সিস্টেম বাস্তবায়ন। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যকে সামনে রেখে সশস্ত্র বাহিনীর ক্রয় প্রক্রিয়া তথ্য প্রযুক্তি ব্যবহার এর মাধ্যমে সম্পন্ন করতে প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে ই-ডিপি সিস্টেম প্রবর্তনের কার্যক্রম চলমান রয়েছে। ই-ডিপি সিস্টেম বাসতবায়িত হলে প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের ক্রয় কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা সম্ভব হবে। উক্ত স্বয়ংক্রিয় পদ্ধতি ব্যবহার করে ব্যবসায়িক প্রতিষ্ঠান সমূহ অনলাইনে নিবন্ধন, সরবরাহকারী কর্তৃক দরপত্র সিডিউল ক্রয়, চুক্তিপত্র সম্পাদন, আর্থিক লেনদেন সহ ক্রয় প্রক্রিয়ার সকল কার্যক্রম কার্যকর ভাবে সম্পন্ন করা যাবে। ফলশ্রুতিতে প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের কার্যক্রম আরও গতিশীল, জবাবদিহিতামূলক ও স্বচ্ছভাবে সম্পন্ন করা সম্ভবপর হবে।

২। সদয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হল।

মোঃ জসিম উদ্দিন
সিএসও-২
মহাপরিচালকের পক্ষে

বিতরণ :
বহির্গমন:
কার্যক্রম:

প্রতিরক্ষা মন্ত্রণালয় (ডি-১৫ অধিশাখা)
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা
ই-মেইল: modd33@gmail.com

২
সীমিত